গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১৪. ২০১৫- ১৬৬৬   তারিখঃ ২২ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ / ০৬ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি ২০১৭ উপলক্ষ্যে ১৭ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী।

সূত্রঃ ১৭.০০.০০০০.০২৬.৩২.০০১.১৭(অংশ-১)-১৮০ তারিখঃ ২৩/০৭/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নির্বাচন কমিশন হতে প্রাপ্ত ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি ২০১৭ উপলক্ষ্যে ১৭ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী এতদ্‌সংগে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬/৮/১৭

(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ
১। অতিরিক্ত সচিব(সকল)/ মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব(ইপ/প্রশাসন/উপজেলা/নগর উন্নয়ন-১/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব(উন্নয়ন-১/পাস-১/পাস-২/পাস-৩/সিটি কর্পোরেশন-১/সিটি কর্পোরেশন-২/জেলা পরিষদ/উপজেলা-১/ইউনিয়ন পরিষদ-১/পৌর-১), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (ইপ-২/পৌর-২/উপজেলা-২), স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

স্থানীয় সরকার বিভাগ
গ্রহন ও প্রেরণ শাখা
02 AUG 2017
ডায়েরী নং ৯২০

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা
নির্বাচন সহায়তা-২ শাখা
www.ecs.gov.bd

নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০০১.১৭ (অংশ-১)-১৮০

০৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি ২০১৭ উপলক্ষে ১৭ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত
কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

১৭ জুলাই ২০১৭ তারিখ সকাল ১১.০০ টায় নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষে জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্, সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা-এর সভাপতিত্বে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি ২০১৭ উপলক্ষে "কেন্দ্রীয় সমন্বয় কমিটি"-র সভা অনুষ্ঠিত হয়। এ সভায় নির্বাচন কমিশন সচিবালয়ের বিশেষ অনুরোধে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সদস্যদের নাম পরিশিষ্ট-"ক" তে দেখানো হল।

০২। কমিটি'র সভাপতি ও সচিব, নির্বাচন কমিশন সচিবালয় সভায় শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে একটি সঠিক, নির্ভরযোগ্য ও নির্ভুল ভোটার তালিকা প্রণয়নের গুরুত্ব সকলকে অনুধাবন করার অনুরোধ জানান। তিনি আরো বলেন, ভোটার তালিকার ডাটাবেইজ সঠিক ও নির্ভরযোগ্য। ছবিসহ ভোটার তালিকার ডাটাবেইজে সংরক্ষিত তথ্য সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও পেনশন নির্ধারণ, মোবাইল অপারেটরগণ সিম নিবন্ধনসহ ৭৫টি প্রতিষ্ঠান তাদের কার্যক্রমে ব্যবহার করছে। অদূর ভবিষ্যতে সরকারি যাবতীয় সুযোগ-সুবিধা প্রদানের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ব্যবহার শতভাগ হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরো উল্লেখ করেন যে, দেশের বর্তমান ভোটার সংখ্যা ১০.১৬ কোটি। প্রতি বছর বিদ্যমান ভোটারের ২.৫% হারে ভোটার সংখ্যা বৃদ্ধি পায়। সে অনুসারে বর্তমান হালনাগাদ কার্যক্রমে ৩.৫৯% ভোটার অন্তর্ভুক্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ কার্যক্রমের টার্গেট ৩.৫৯% অর্জন করা, রোহিঙ্গাদের ভোটার হওয়ার প্রবণতা রোধকল্পে বিশেষ এলাকার সম্প্রসারণ করা, জনসচেতনামূলক টিভি স্পট প্রচার, পত্রিকায় বিজ্ঞাপন, বাংলা ও ইংরেজী এসএমএস প্রদান এবং মাইকিং ও ব্যানার প্রদর্শনের ব্যবস্থা রাখা হয়েছে। অতঃপর সভাপতি হালনাগাদ কর্মসূচির বিষয়ে উপস্থিত সকলকে পর্যায়ক্রমে মতামতসহ বক্তব্য রাখার জন্য অনুরোধ জানান।

০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা প্রস্তাব করেন যে, তথ্যসংগ্রহ কাজে নিয়োজিত তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারগণ যেন সার্বক্ষণিক দায়িত্ব পালন করেন সেজন্য সংশ্লিষ্ট বিভাগ/মন্ত্রণালয়ের নির্দেশনা থাকা এবং যেসব এলাকার এখনও সীমানা নির্ধারণ সম্পন্ন হয়নি সেগুলোর সীমানা নির্ধারণের কাজ দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। অতঃপর আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম বলেন, বিশেষ কমিটি-র জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ ও সময়সূচির তারিখ সমন্বয় করে নিবন্ধন কেন্দ্রের কার্য সম্পন্নের নির্দেশনা দেয়ার জন্য অনুরোধ জানান।

০৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ বলেন, তথ্য সংগ্রহকালে নতুন নিবন্ধন ও মৃত ভোটারের নাম কর্তন বিষয়ে জন্ম ও মৃত্যু সনদ প্রয়োজন হবে। সেহেতু জন্ম ও মৃত্যু সনদ সহজতর পন্থায় জনগণ যাতে পেতে পারেন সেলক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের স্থানীয় পর্যায়ে নির্দেশনা থাকা প্রয়োজন বলে মত দেন।

০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা জনাব রকিব উদ্দীন মন্ডল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষিকাগণ সার্বক্ষণিক তাঁদের দায়িত্ব পালন, নিবন্ধন কার্যে ব্যবহৃত প্রয়োজনীয় যন্ত্রপাতি সচল রাখা, প্রচারণার ক্ষেত্রে মাইকিং, এসএমএস, স্লাইড-শো প্রদর্শন ও নারী ভোটার উদ্বুদ্ধকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান।

০৬। নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব জনাব মোঃ নুরুজ্জামান তালুকদার প্রস্তাব করেন যে, তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগের ক্ষেত্রে একই বিদ্যালয়/মাদ্রাসা/কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের একাধিক জনকে যেন নিয়োগ না করা হয় সে বিষয়ে দৃষ্টি রাখা। অতঃপর পরিচালক (জনসংযোগ) জনাব এস এম আসাদুজ্জামান তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারগণ যেন বাড়ি বাড়ি গমন করেন এবং নিবন্ধন কেন্দ্রে নারী ভোটারদের উপস্থিতি নিশ্চিত রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের প্রস্তাব করেন।

০৭। নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব জনাব মোঃ শাহেদুন্নবী বলেন, ২০১৪ ও ২০১৫ সালে নিবন্ধিত ভোটারদের মধ্যে জাতীয় পরিচয়পত্র বিতরণ এবং তথ্য সংগ্রহকালে ভোটারযোগ্য ব্যক্তিগণ নিজ উদ্যোগে প্রয়োজনীয় সনদ সংগ্রহ করে রাখেন ও তথ্যসংগ্রহকারীকে দেখাতে পারেন সেবিষয়ে প্রচারণায় অন্তর্ভুক্ত রাখা প্রয়োজন।

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং ২৮৬১
তারিখঃ ২/৮/১৭
স্বাক্ষর
যুগ্ম-সচিব (প্রশাসন)
শাখা ঃ প্রশাসন-১/২/ জেপ

C:\Users\Administrator\Desktop\Halnagad 2017.doc

০৮। বিভাগীয় কমিশনার, সিলেট বলেন যে, এ বিভাগের অধিকাংশ জেলাসমূহ বন্যা কবলিত ও হাওড় এলাকার যাতায়াত এবং চা বাগান এলাকায় কর্মরত ভোটারযোগ্য শ্রমিকদের তথ্যসংগ্রহ করা খুবই কষ্টকর হবে এবং হালনাগাদ সময়সূচি বিটিভি-তে বেশি করে প্রচারণার জন্য অনুরোধ জানান। অতঃপর পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, খুলনা উল্লেখ করেন যে, শরণখোলা ও কয়রা সুন্দরবন এলাকায় অবস্থিত এবং যাতায়াত খুব ঝুঁকিপূর্ণ বিধায় এসব এলাকায় উপযুক্ত সম্মানী ও যাতায়াতের ব্যয় নির্বাহের জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দের প্রস্তাব রাখেন।

০৯। বিভাগীয় কমিশনার, রাজশাহী শিক্ষা কার্যক্রম যেন ব্যাহত না হয় সেজন্য স্কুল/মাদ্রাসা/কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান হতে ১ জন করে তথ্যসংগ্রহকারী বা সুপারভাইজার নিয়োগ করা হয় সেজন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এরপর বিভাগীয় কমিশনার, বরিশাল বলেন যে, এ বিভাগের জেলাসমূহ নদীবেষ্টিত হওয়ায় এসব এলাকায় অধিকসংখ্যক তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করে দ্রুত হালনাগাদ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।

১০। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম রোহিঙ্গা ভোটার বিষয়ে উল্লেখ করেন যে, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান ও রাঙ্গামাটি জেলার ৩০টি উপজেলায় "বিশেষ কমিটি" গঠন করা হয়েছে। সংশ্লিষ্ট উপজেলার তথ্যসংগ্রহের পর গঠিত "বিশেষ কমিটি" যাচাই-বাছাইয়ের মাধ্যমে এ সব এলাকায় ভোটার তালিকা চূড়ান্ত করবে যাতে রোহিঙ্গারা নিবন্ধিত না হতে পারে। তিনি আরো বলেন, সম্প্রতি পাহাড় ধ্বসের কারণে রাঙ্গামাটিতে ১৫টি আশ্রয় শিবির খোলা হয়েছে। এ শিবিরগুলোতে তথ্যসংগ্রহ করা কষ্টকর হবে ও তথ্যসংগ্রহে সতর্কতা অবলম্বন করতে হবে বিধায় তথ্যসংগ্রহকারীগণ বিশেষ রংয়ের পোশাক পরিধান করে তথ্য সংগ্রহ কাজে নিয়োজিত হতে পারে সে বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ করেন।

১১। বিভাগীয় কমিশনার, রংপুর বলেন, কুড়িগ্রাম জেলার রৌমারী ও রাজিবপুর এবং গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলা চর ও নদীবেষ্টিত হওয়ায় উল্লিখিত উপজেলা ৩টিকে "দুরগম এলাকা" হিসেবে ঘোষণা করার জন্য অনুরোধ জানান। অতঃপর একই বিষয়ে বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বলেন, মোহনগঞ্জ ও মদন উপজেলাকে "দুর্গম এলাকা" হিসেবে চিহ্নিত করা ও নিবন্ধন কেন্দ্রে ব্যবহারের জন্য আধুনিকমানের ক্যামেরা সরবরাহ করা এবং নিবন্ধন কেন্দ্রে শতভাগ উপস্থিতির উপর গুরুত্বারোপ করন।

১২। বিভাগীয় কমিশনার, ঢাকা উল্লেখ করেন যে, রাজধানী শহরের আশপাশ এলাকা বিশেষ করে গাজীপুর, টঙ্গী. আশুলিয়া ও কেরাণীগঞ্জ এবং নারায়ণগঞ্জ এলাকায় ভাসমান লোক বসবাস করেন তারা পুনঃভোটার হওয়ার প্রচেষ্টা অব্যাহত রাখবে। ২৫ জুলাই ২০১৭ তারিখের পূর্বেই বিভাগীয়, জেলা ও উপজেলা সমন্বয় কমিটি-র সমন্বয় সভা আহবান করার ব্যবস্থা করবেন বলে জানান।

১৩। স্থানীয় সরকার বিভাগের জন্ম ও মৃত্যু সনদ নিবন্ধন রেজিস্ট্রার জেনারেল বলেন, জন্ম ও মৃত্যু সনদ নিবন্ধন দপ্তরের জনবল সংকট, অসাধু ব্যক্তিবর্গ সনদ ইস্যুর ক্ষেত্রে অনুপ্রবেশ, সনদ সংগ্রহে জনগণের অসচেতনতায় এ কার্যক্রম অনেকটা বিঘ্নিত হয়েছে মর্মে অবহিত করেন। তবে এখন এ সংকট অনেকটাই দূর হয়েছে বলে জানান। তিনি আরো বলেন, বর্তমানে অনলাইনে জন্ম ও মৃত্যু সনদ যাচাই করা যায় এবং জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের সার্ভারের সাথে জন্ম ও মৃত্যু সনদ নিবন্ধন সার্ভারের সাথে ইন্টিগ্রেটেট করার বিষয়ে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক-এর সহযোগিতার হস্তক্ষেপ চান। তিনি সভায় আশ্বস্ত করেন যে, তাঁর অধীন স্থানীয় রেজিস্ট্রারদের জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ সহজতর উপায়ে ইস্যুর জন্য একটি নির্দেশনা জারি করবেন।

১৪। পুলিশ হেডকোয়ার্টার্সের এআইজি (অপারেশন্স) বলেন যে, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি চলাকালে বাংলাদেশ পুলিশ সার্বিক সহযোগিতা প্রদান করবে। অতঃপর স্থানীয় সরকার বিভাগের যুগ্ম-সচিব উল্লেখ করেন যে, যেসব এলাকায় সীমানা নির্ধারণ এখনও করা যায়নি সেগুলো দ্রুত সম্পন্ন করার জন্য বিভাগীয় কমিশনারগণের সহযোগিতা প্রয়োজন।

১৫। জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক সীমিত সুযোগ-সুবিধা ও আইনি সীমাবদ্ধতার বিষয় উল্লেখ করে বলেন যে, এ কর্মসূচিতে তথ্যসংগ্রহকালে যেন ভুল তথ্য সংগ্রহ করা না হয় সেবিষয়ে সংশ্লিষ্টদের প্রশিক্ষণের সময় যেন অবগত করা হয়। পরবর্তীতে ভুল তথ্য সংগ্রহের জন্য জাতীয় পরিচয়পত্র সংশোধন/সংযোজন/বিয়োজন করার জন্য নানা সমস্যার সম্মুখীন হতে হয়। তিনি আরো জানান যে, ২০১৪ ও ২০১৫ সালে যারা ভোটার হিসেবে নিবন্ধিত হয়েছেন তাদের জাতীয় পরিচয়পত্র সংশ্লিষ্টগণের কাছে বিতরণের লক্ষ্যে অতিশীঘ্র সব উপজেলা/থানা নির্বাচন অফিসে পৌছানোর ব্যবস্থা করা হবে বলে জানান।

১৬। নির্বাচন কমিশন সচিবালয়ের অতিরিক্ত সচিব ভোটার বৃদ্ধির হার কম বেশি হওয়া, মহিলা ভোটার বৃদ্ধির হার কম হওয়া এবং এ কার্যক্রমে সম্পৃক্ত সকলের স্বত:স্ফূর্তভাবে অংশগ্রহণ ও সহযোগিতার প্রয়োজন উল্লেখ করে বলেন, এ কর্মসূচিতে প্রায় ৫৪ হাজার তথ্যসংগ্রহকারী ও ১২ হাজার সুপারভাইজার নিয়োজিত থাকবেন। তাঁদের একান্ত সহযোগিতা ও আন্তরিক প্রচেষ্টা ছাড়া তা বাস্তবায়ন করা সম্ভব নয়। তিনি আরো বলেন, ভোটার তালিকায় মৃত্যু ভোটারের নাম থাকাটা মোটেই কাম্য নয় বিধায় তাদের নাম কর্তনের তথ্য গুরুত্বসহকারে সংগ্রহ করার জন্য প্রশিক্ষণের সময় তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের বিশেষভাবে অবগত করা এবং রোহিঙ্গা ও মাইনর ব্যক্তিরা যেন ভোটার না হতে পারে সেবিষয়ে সতর্ক থাকার পরামর্শ দেন। তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগের ক্ষেত্রে মহিলাদের অগ্রাধিকার দিয়ে একই বিদ্যালয়/কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান হতে ১ জনের বেশি যেন নিয়োগ না করা হয় সে বিষয়ে খেয়াল রাখার জন্য মত দেন। এ কর্মসূচিতে মহিলা ভোটারদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ইতোমধ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় পরিষদের সদস্যদের সম্পৃক্ত রাখার জন্য স্থানীয় সরকার বিভাগ এবং স্কুল/কলেজ/মাদ্রাসা/বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষিকাগণ সার্বক্ষণিক দায়িত্ব পালন করেন সেজন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা বিভাগকে আধাসরকারি পত্রের মাধ্যমে

অনুরোধ জানানো হয়েছে বলে জানান।

১৭। সভার সভাপতি বলেন, বর্তমান কমিশন ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে গঠনের পর যেসব নির্বাচন অনুষ্ঠিত হয়েছে তা অত্যন্ত সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয়েছে এবং কোন প্রশ্নের সম্মুখীন হতে হয়নি। ইতোমধ্যে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে রোডম্যাপ ঘোষণা করা হয়েছে যা সকলের কাছে অত্যন্ত গ্রহণযোগ্য হয়েছে এবং এ বিষয়ে সংশ্লিষ্টদের মধ্যে যথেষ্ট সাড়া পাওয়া গেছে বলে জানান। বর্তমান কমিশনের লক্ষ্য ভোটার হওয়ার যোগ্য সকলকে নিবন্ধন করা এবং এ জন্য প্রচারের ব্যাপক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কমিশনের সুচিন্তিত নির্দেশনায় এ কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব হবে বলে আশাবাদ ব্যক্ত করেন এবং সংশ্লিষ্ট সকলকে উদ্যোগী হয়ে সতর্কতা ও আন্তরিকতার সাথে কর্ম সম্পাদনের জন্য তিনি বিশেষভাবে অনুরোধ জানান।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

১। বিভাগীয় কমিশনারগণ, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের মাধ্যমে জেলা, উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ের জনপ্রতিনিধিদের হালনাগাদ কার্যক্রমে সম্পৃক্ত করবেন;

২। বিভাগীয় কমিশনারগণ উপজেলা নির্বাহী অফিসারগণের মাধ্যমে উপজেলা নির্বাচন অফিসারগণের মধ্যে সমন্বয় সাধন করবেন। তথ্যসংগ্রহকারীগণ যাতে বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করেন তা নিশ্চিত করবেন;

৩। রোহিঙ্গারা অসাধু চক্রের সহায়তায় দেশের সমতল এলাকায় ভোটার হওয়ার চেষ্টা চালাতে পারে। এরূপ অপচেষ্টায় তারা দেশের অন্য অঞ্চলসহ ঢাকা সিটিতেও ভোটার হওয়ার চেষ্টা চালাতে পারে। তা প্রতিরোধের জন্য সকল পর্যায় হতে বিশেষ করে রোহিঙ্গা অধ্যুষিত এলাকায় সর্বাত্মক সর্তকতা অবলম্বন করা এবং প্রশিক্ষণের সময় তথ্য সংগ্রহকারীদের এ বিষয়ে বিশেষভাবে অবহিত করবেন;

৪। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত সনদ নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ হতে তাঁর অধীন স্থানীয় সকল রেজিস্ট্রারদের জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ সহজতর উপায়ে ইস্যুর জন্য অতিশীঘ্র একটি নির্দেশনা জারি করবেন;

৫। স্থানীয়ভাবে প্রত্যেক ভোটার এলাকায় ৩(তিন) দিন করে মাইকিং করা, উপজেলা ও জেলা পর্যায়ে ৫দিন করে ব্যানার প্রদর্শনের বিষয়ে একটি নির্দেশনা এবং কেন্দ্রীয়ভাবে মোবাইলে এসএমএস, প্রেস বিজ্ঞপ্তি, প্রেস কনফারেন্স, পত্রিকায় বিজ্ঞাপন দেয়া ও মসজিদ, মন্দির, গির্জা এবং অন্যান্য উপসনালয়ে প্রচারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগের বিষয়ে নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৬। স্থানীয়ভাবে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, জেলা নির্বাচন অফিসার ও উপজেলা নির্বাচন অফিসারগণও প্রচারের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচন কমিশনের মাঠ প্রশাসনের Chain of command শতভাগ নিশ্চিত করে দায়িত্ব পালন করবেন;

৭। তথ্য সংগ্রহের সময় কোন অবস্থায় ভোটারযোগ্য কোন মহিলার তথ্য যেন বাদ না পড়ে সে ব্যবস্থা নিতে হবে এবং নিবন্ধন কেন্দ্রেও তাদের নিবন্ধন কেন্দ্রে অগ্রাধিকার দেয়ার ক্ষেত্রে স্থানীয় মহিলা প্রতিনিধিদের সম্পৃক্ত রাখবেন এবং মহিলা ভোটারদের ভোটার হতে উদ্বুদ্ধ করে তাদের নিবন্ধন কেন্দ্রে আনার জন্য আনসার কর্তৃপক্ষ মহিলা আনসার এবং ইউনিয়ন পর্যায়ে দফাদার ও চৌকিদারদের সম্পৃক্ত করবেন;

৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষক/শিক্ষিকা/কর্মকর্তাগণকে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ ও যাচাই-বাছাই কাজে বাড়ি বাড়ি গিয়ে নিষ্ঠার সাথে সার্বক্ষণিক দায়িত্ব পালন করেন সেজন্য নির্দেশনা প্রদান করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হবে।

২০। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.৭.২০১৭

(মোহাম্মদ আবদুল্লাহ)
সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় :

১। মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ , সদর দপ্তর, ঢাকা

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

C:\Users\Administrator\Desktop\Halnagad 2017.doc

৩। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। মহাপরিচালক, আনসার ভিডিপি সদর দপ্তর, ঢাকা
৯। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা
১১। বিভাগীয় কমিশনার,......................................(সকল)
১২। যুগ্মসচিব ....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫। সিস্টেম ম্যানেজার, আইসিটি/এনআইডি উইং, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬। পরিচালক (অপারেশন্স) জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ....(সকল)
১৮। উপ-সচিব/পরিচালক ....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯। উপ প্রকল্প পরিচালক, IDEA প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০১.১৭(অংশ-১)-১৮০

তারিখঃ ০৮ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ
২৩ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মাহবুব তালুকদার (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মো: রফিকুল ইসলাম (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগে: জেনা: শাহাদাত হোসেন চৌধুরী (অব:) [মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৭। একান্ত সচিব, সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৩.০৭.২০১৭
(মো: মোশাররফ হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৫৫০০৭৫৫৪।

C:\Users\Administrator\Desktop\Halnagad 2017.doc